# 47th BCS Preli Program

## 47th Preli Progressive Service

## Daily Live Exam Bangladesh Affairs-04

## MCQ Master Set: 1 (Question & Solution)

Question 1

### ২৫ মার্চ, ১৯৭১ অপারেশন সার্চলাইট মিশনের সার্বিক দায়িত্ব পালন করেন-

A

জেনারেল ইয়াহিয়া

B

টিক্কা খান

C

জেনারেল খাদিম হোসেন

D

মেজর জেনারেল রাও ফরমান আলী

**Solution:**

'অপারেশন সার্চলাইট' ছিল কার্যত নিরস্ত্র বাঙালি জনগোষ্ঠীর উপর পাকিস্তান সেনাবাহিনীর পরিচালিত একটি পরিকল্পিত গণহত্যা। ঢাকা নগরী ও এর আশেপাশের এলাকায় হামলার নেতৃত্বে ছিলেন মেজর জেনারেল রাও ফরমান আলী এবং ব্রিগেডিয়ার জেনারেল আবরার এবং ঢাকা ছাড়া সমগ্র পূর্ব পাকিস্তানে অপারেশনের দায়িত্ব পান মেজর জেনারেল খাদিম হোসেন রাজা। অপারেশন সার্চ লাইট নামক মানবনিধনের লক্ষ্যে পরিচালিত এ মিশনের সার্বিক দায়িত্ব পালন করেন কুখ্যাত খুনি লেফটেন্যান্ট জেনারেল টিক্কা খান।

Question 2

### 'The Cruel Birth of Bangladesh' গ্রন্থটির রচয়িতা কে?

A

এডওয়ার্ড কেনেডি

B

আর্চার কে ব্লাড

C

এন্থনি মাসকারেনহাস

D

জে. জ্যাকব

**Solution:**

‘The Cruel Birth of Bangladesh’ গ্রন্থের লেখক আর্চার কে ব্লাড। মুক্তিযুদ্ধের সময় পূর্ব পাকিস্তানে নিযুক্ত আমেরিকান কনসাল জেনারেল আর্চার কে ব্লাড ১৯৭০-১৯৭১ সময়ের পূর্ব পাকিস্তানের রাজনীতি ও সরকার ব্যবস্থা নিয়ে লেখেন ‘The Cruel Birth of Bangladesh’. গ্রন্থটি ২০০২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেস থেকে প্রকাশিত হয়।

Question 3

মুক্তিবাহিনী ও মিত্রবাহিনীর সমন্বয়ে ‘যৌথ কমান্ড’ গঠিত হয়-

A

১৭ নভেম্বর, ১৯৭১

B

২১ নভেম্বর, ১৯৭১

C

১৯ নভেম্বর, ১৯৭১

D

২৯ নভেম্বর, ১৯৭১

**Solution:**

১৯৭১ সালের ২১ নভেম্বর বাংলাদেশ ও ভারত সরকার মুক্তিবাহিনী ও ভারতীয় মিত্রবাহিনীর সমন্বয়ে যৌথ বাহিনী বা ‘যৌথ কমান্ড’ গঠন করলে নাটকীয়ভাবে যুদ্ধের গতিপ্রকৃতি বদলে যায়। ভারতের ইস্টার্ন কমান্ডের প্রধান লে. জেনারেল জগজিৎ সিং অরোরাকে যৌথ কমান্ডের অধিনায়ক নির্বাচিত করা হয়। যৌথ কমান্ডের প্রধান হন ভারতের সেনাবাহিনী প্রধান জেনারেল শ্যাম মানেকশ।

Question 4

মুজিবনগর সরকারের রাষ্ট্রপতির দায়িত্বে কে ছিলেন?

A

তাজউদ্দিন আহমেদ

B

সৈয়দ নজরুল ইসলাম

C

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

D

মওলানা ভাসানী

**Solution:**

মুজিবনগর সরকার:

| নাম | দায়িত্ব ও পদমর্যাদা |
|---|---|
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান | রাষ্ট্রপতি (পাকিস্তান কারাগারে আটক)। |
| তাজউদ্দিন আহমেদ | প্রধানমন্ত্রী |
| সৈয়দ নজরুল ইসলাম | উপরাষ্ট্রপতি |

Question 5

মুক্তিযুদ্ধ বিষয়ক ‘এক নদী রক্ত পেরিয়ে’- গানটির গীতিকার কে?

A

আনোয়ার পারভেজ

B

গাজী মাজহারুল আনোয়ার

C

সিকান্দার আবু জাফর

D

খান আতাউর রহমান

**Solution:**

মুক্তিযুদ্ধ বিষয়ক ‘এক নদী রক্ত পেরিয়ে’ গানটির গীতিকার খান আতাউর রহমান। এ গানটির সুরকারও খান আতাউর রহমান।

Question 6

ইস্ট বেঙ্গল রেজিমেন্ট কত তারিখে গাজীপুরে প্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলে?

A

৭ মার্চ, ১৯৭১

B

১৯ মার্চ, ১৯৭১

C

২২ মার্চ, ১৯৭১

D

২৫ মার্চ, ১৯৭১

**Solution:**

বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাসে বিশেষ ভূমিকা রেখেছে এই ইস্ট বেঙ্গল রেজিমেন্ট। ১৯ মার্চ, ১৯৭১ দিনটি ছিল বুধবার। ১৯৭১ সালের এই দিনে পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে মুক্তিযুদ্ধে সর্বপ্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলেন জয়দেবপুর তথা গাজীপুরের রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্টের বীর সেনা ও জনতা।

Question 7

প্রবাসী সরকার বাংলাদেশে ফেরত আসে কবে?

A

১৬ ডিসেম্বর, ১৯৭১

B

২২ ডিসেম্বর, ১৯৭১

C

১৮ ডিসেম্বর, ১৯৭১

D

২০ ডিসেম্বর, ১৯৭১

**Solution:**

১৯৭১ সালের ১০ এপ্রিল প্রবাসী সরকার গঠিত হয়। প্রবাসী সরকার বা মুজিবনগর সরকার বৈদ্যনাথ তলায় ১৭ এপ্রিল শপথ গ্রহণ করে। পাকিস্তানি বাহিনী প্রবাসী সরকারের কার্যালয়

গুড়িয়ে দিলে তা কলকাতার ৮ নং থিয়েটার রোডে স্থানান্তরিত হয়। ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বাংলাদেশ স্বাধীন হলে ২২ ডিসেম্বর প্রবাসী সরকার দেশে ফেরত আসে।

Question 8

কীসের ভিত্তিতে 'Government in Exile' গঠিত হয়?

A

৭ মার্চের ভাষণ

B

২৬ মার্চ স্বাধীনতার ঘোষণা

C

স্বাধীনতার ঘোষণাপত্র

D

কোনটিই নয়

**Solution:**

১৯৭১ সালের ১০ এপ্রিল 'স্বাধীনতার ঘোষণাপত্র আদেশ' অনুযায়ী 'Government in Exile' বা প্রবাসী সরকার বা মুজিবনগর সরকার গঠিত হয়। এই সরকার ১৭ এপ্রিল, ১৯৭১ সালে মেহেরপুরের ভবেরপাড়া গ্রামের বৈদ্যনাথতলায় শপথ গ্রহণ করেন। শপথ বাক্য পাঠ করান অধ্যাপক ইউসুফ আলী। শপথ পাঠ অনুষ্ঠান পরিচালনার দায়িত্বে ছিলেন অধ্যাপক ইউসুফ আলী ও আব্দুল মান্নান এম.এন.এ।

Question 9

জাতীয় পরিষদের অধিবেশন স্থগিত ঘোষণায় বঙ্গবন্ধু শেখ মুজিব সমগ্র পূর্ব পাকিস্তানে হরতালের ডাক দেন-

A

২ মার্চ, ১৯৭১

B

১ মার্চ, ১৯৭১

C

৩ মার্চ, ১৯৭১

D

৫ মার্চ, ১৯৭১

**Solution:**

ইয়াহিয়া কর্তৃক পাকিস্তান জাতীয় পরিষদের অধিবেশন অনির্দিষ্টকালের জন্য স্থগিত ঘোষণার প্রতিবাদে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ২ মার্চ ঢাকায় এবং ৩ মার্চ সমগ্র পূর্ব পাকিস্তানে হরতালের ডাক দেন।

Question 10

নিচের কোনটি ৭ মার্চ ভাষণের প্রধান ৪টি শর্তের অন্তর্ভুক্ত নয়?

A

সামরিক শাসন প্রত্যাহার

B

নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর

C

সংঘটিত হত্যাকাণ্ডের তদন্ত করা

**D**

অবিলম্বে জাতীয় পরিষদের অধিবেশন আহ্বান

**Solution:**

২৫ মার্চ প্রেসিডেন্ট ইয়াহিয়ার নতুন প্রস্তাবিত জাতীয় পরিষদের অধিবেশন বসা সম্পর্কে বঙ্গবন্ধু শর্তারোপ করে বলেন-
নিম্নোক্ত শর্তগুলো পালিত হলেই কেবল তিনি চিন্তা করে দেখবেন জাতীয় পরিষদে যোগ দিবেন কি না:
১। অবিলম্বে সামরিক শাসন প্রত্যাহার (Immediate Withdrawal of Martial Law)।
২। অবিলম্বে সেনাবাহিনীকে ছাউনিতে ফিরিয়ে নেয়া (Immediate Return of the Army to the Barracks)।
৩। সেনাবাহিনীর সংঘটিত হত্যাকাণ্ডের তদন্ত করা (To Make an Inquiry into the Killings by the Army)।
৪। জনগণের নির্বাচিত প্রতিনিধিদের হাতে ক্ষমতা হস্তান্তর করা (To Hand Over Power to the Elected Representative of the people)।

Question 11

বাংলাদেশকে স্বীকৃতিদানকারী প্রথম সমাজতান্ত্রিক দেশ কোনটি?

A

রাশিয়া

B

পূর্ব জার্মানি

C

পোলান্ড

D

ভিয়েতনাম

**Solution:**

প্রথম ইউরোপীয় ও প্রথম সমাজতান্ত্রিক দেশ হিসেবে পূর্ব জার্মানি বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে। ১৯৭২ সালের ১১ জানুয়ারি পূর্ব জার্মানি বাংলাদেশকে স্বাধীন, সার্বভৌম দেশ হিসেবে স্বীকৃতি প্রদান করে।

Question 12

নিচের কোন বুদ্ধিজীবী ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর শহিদ হননি?

A

জি.সি দেব

B

শহীদুল্লাহ কায়সার

C

আনোয়ার পাশা

D

সুরকার আলতাফ মাহমুদ

**Solution:**

গোবিন্দ চন্দ্র দেব (১ ফেব্রুয়ারি, ১৯০৭ - মার্চ ২৬, ১৯৭১) ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শনবিদ্যার একজন অধ্যাপক ছিলেন। বুদ্ধিজীবী-সম্প্রদায়কে ধ্বংস করার একটি পরিকল্পনার অংশ রূপে পাকিস্তানি সৈন্যরা ক্ষণজন্মা মনীষী, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন উল্লেখযোগ্য দার্শনিক ড. গোবিন্দ চন্দ্র দেবকে ১৯৭১ সালের ২৬ শে মার্চের প্রথম প্রহরে হত্যা করেছিল।

Question 13

স্বাধীন বাংলা বেতারকেন্দ্র থেকে ৭ মার্চের ভাষণ কী নামে প্রচারিত হতো?

A

বঙ্গবন্ধু কণ্ঠ

B

মুক্তিবার্তা

C

জয় বাংলা

D

বজ্রকণ্ঠ

**Solution:**

১৯৭১ সালের ৮ মার্চ স্বাধীন বাংলা বেতারকেন্দ্র থেকে ‘বজ্রকণ্ঠ’ নামে শেখ মুজিবের এই ভাষণ প্রচারিত হয়, যা বাঙালিকে স্বাধীনতা সংগ্রামে অনুপ্রাণিত করে।

Question 14

মুক্তিযুদ্ধের সময় ব্রিগেড আকারে গঠিত ‘এস ফোর্স’ এর প্রধান কে ছিলেন?

A

মেজর জিয়াউর রহমান

B

মেজর খালেদ মোশাররফ

C

মেজর কে.এম. শফিউল্লাহ

D

মেজর শওকত জামিল

**Solution:**

মুক্তিযুদ্ধের সময় প্রধান সেনাপতি কর্নেল এম এ জি ওসমানী (সেনাবাহিনীর সদস্যদের নিয়ে) ব্রিগেড আকারে ৩টি ফোর্স গঠন করেছিলেন। ফোর্স ৩টি হলো- জেড ফোর্স, কে ফোর্স এবং এস ফোর্স। এস ফোর্স ছিল মেজর কে এম শফিউল্লাহর নেতৃত্বে গঠিত বাংলাদেশ সশস্ত্র বাহিনী এর সামরিক ব্রিগেড। এটি ১ অক্টোবর ১৯৭১ গঠন করা হয়, ব্রিগেডটি ২য় ও ১১তম ইস্ট বেঙ্গল রেজিমেন্ট এর সমন্বয়ে গঠিত হয়েছিল।

Question 15

মুক্তিযুদ্ধ চলাকালীন স্বাধীন বাংলা বেতার থেকে ঢাকার আঞ্চলিক ভাষায় কোন অনুষ্ঠানটি প্রচারিত হতো?

A

জল্লাদের দরবার

B

চরমপত্র

C

বজ্রকণ্ঠ

D

কোনটিই নয়

**Solution:**

স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত 'জল্লাদের দরবার' অনুষ্ঠানে পাকিস্তানের প্রধান সামরিক আইন প্রশাসক ও প্রেসিডেন্ট জেনারেল ইয়াহিয়া খানকে 'কেল্লা ফতেহ খান' নামক একজন অমানবিক, পাশবিক ও নিষ্ঠুর চরিত্রের মানুষ হিসেবে তুলে ধরা হয়। আর একটি জনপ্রিয় প্রোগ্রাম ছিল 'চরমপত্র'। এ সিরিজটির পরিকল্পনা ছিল আব্দুল মান্নান খান এম.এন.এ-র এবং এর স্ক্রিপ্ট তৈরি ও তার পাঠ করতেন এম.আর আখতার মুকুল। তীক্ষ্ণ ব্যঙ্গাত্মক শব্দে এবং ঢাকাইয়া ভাষায় রচিত চরমপত্র অনুষ্ঠানটি অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠেছিল এম.আর আখতার মুকুলের অনবদ্য উপস্থাপনায়। এ অনুষ্ঠানটি শোনার জন্য শুধু বাংলাদেশের মুক্তিপাগল মুক্তিযোদ্ধা ও সাধারণ জনগণই নয়, পশ্চিম বাংলা, ত্রিপুরা রাজ্য এবং আসামের বাঙালি জনগণও সারাদিন উদ্‌গ্রীব হয়ে থাকতেন।

Question 16

মুক্তিযুদ্ধে নৌ-কমান্ডো নিয়ে গঠিত সেক্টর কোনটি?

A

১০ নং

B

১১ নং

C

৮ নং

D

৯ নং

**Solution:**

দশ নং সেক্টর: হেড কোয়ার্টারের সরাসরি তত্ত্বাবধানে এ নৌ-কমান্ডো বাহিনী সংগঠিত হয়। এ সেক্টরের কোনো আঞ্চলিক সীমানা নির্দিষ্ট ছিল না। এ সেক্টর গঠিত হয়েছিল প্রশিক্ষণপ্রাপ্ত ৫১৫ জন নৌ-কমান্ডো নিয়ে।

Question 17

কত সালে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গঠন করা হয়?

A

১৯৯২

B

২০০০

C

২০০১

D

২০০২

**Solution:**

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়:
প্রতিষ্ঠা: ২৩ অক্টোবর, ২০০১।

Question 18

৭নং সেক্টর কমান্ডার ছিলেন-

A

মেজর নাজমুল হক

B

আবু ওসমান চৌধুরী

C

এম. কে বাশার

D

এম এ জলিল

**Solution:**

৭ নম্বর সেক্টর: দিনাজপুর জেলার দক্ষিণাঞ্চল, বগুড়া, রাজশাহী এবং পাবনা জেলা নিয়ে ৭ নম্বর সেক্টর গঠিত হয়। সেক্টর প্রধান ছিলেন- মেজর নাজমুল হক ও মেজর কাজী নূরুজ্জামান।

Question 19

সিপাহি মোহাম্মদ হামিদুর রহমান কোন সেক্টরে যুদ্ধ করেন?

A

৪ নম্বর

B

৯ নম্বর

C

১১ নম্বর

D

৭ নম্বর

**Solution:**

বীরশ্রেষ্ঠ সিপাহি মোহাম্মদ হামিদুর রহমান:
কর্মস্থল: সেনাবাহিনী।
মুক্তিযুদ্ধে অংশরত সেক্টর: ৪ নং সেক্টর।

Question 20

বাংলাদেশের মুক্তিযুদ্ধে নিহত ফাদার মারিও ভেরেনজি ছিলেন -

A

ইতালির নাগরিক

B

ব্রিটিশ নাগরিক

C

অস্ট্রেলিয়ার নাগরিক

D

ফ্রান্সের নাগরিক

**Solution:**

তিনি একজন ইতালির ধর্মযাজক। মুক্তিযুদ্ধকালে তিনি যশোরে একটি গির্জায় কর্মরত ছিলেন। গির্জায় বাঙালিদের আশ্রয় দেওয়ার অভিযোগে ১৯৭১ সালের ৪ এপ্রিল পাকবাহিনী তাঁকে গুলি করে হত্যা করে।

Question 21

## ‘মুক্তি ফৌজ’ বলতে কোন বাহিনীকে বোঝানো হয়?

A

নিয়মিত বাহিনী

B

অনিয়মিত বাহিনী

C

গেরিলা বাহিনী

**D**

কোনটিই নয়

**Solution:**

মুক্তিবাহিনী সরকারি পর্যায়ে দুভাগে বিভক্ত ছিল:
১. নিয়মিত বাহিনী ও ২. অনিয়মিত বাহিনী।
**১. নিয়মিত বাহিনী:** ইস্ট বেঙ্গল রেজিমেন্টের ইউনিটগুলোর সমন্বয়ে বাঙালি সৈনিকদের নিয়ে এই বাহিনী গঠিত হয়। মুক্তিবাহিনী বা মুক্তি ফৌজ সরকারিভাবে ‘নিয়মিত বাহিনী’ নামে পরিচিত।
**২. অনিয়মিত বাহিনী:** যুবক, ছাত্র, শ্রমিক, কৃষক ও সকল পর্যায়ের মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে বিভিন্ন সেক্টরের অধীনে অনিয়মিত বাহিনী গঠিত হয়।

Question 22

## ‘কনসার্ট ফর বাংলাদেশ’ কোথায় অনুষ্ঠিত হয়?

A

ওয়াশিংটন ডিসি

B

নিউইয়র্ক

C

লন্ডন

D

ক্যালিফোর্নিয়া

**Solution:**

বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ১ আগস্ট, ১৯৭১ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ার গার্ডেনে অনুষ্ঠিত হয় 'দ্য কনসার্ট ফর বাংলাদেশ'। ১৯৭১ সালের এই দিনে পণ্ডিত রবিশঙ্কর মুক্তিযুদ্ধের প্রতি বিশ্বজনমত গড়ে তোলা এবং শরণার্থীদের আর্থিক সহায়তা দেয়ার জন্য শিল্পী জর্জ হ্যারিসনকে নিয়ে এ অবিস্মরণীয় কনসার্টের আয়োজন করেছিলেন। উল্লেখ্য, এ অনুষ্ঠানে গান গেয়েছিলেন ২০১৬ সালে সাহিত্যে নোবেলজয়ী কিংবদন্তি শিল্পী বব ডিলান।

Question 23

বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে 'চিফ অব স্টাফ' এর দায়িত্ব পালন করেন কে?

A

কর্নেল (অব.) এম. এ. রব

B

কর্নেল (অব.) এম. এ. জি. ওসমানী

C

গ্রুপ ক্যাপ্টেন এ.কে. খন্দকার

D

কে. এম. শফিউল্লাহ

**Solution:**

১৯৭১ সালের ১১ থেকে ১৭ জুলাই প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদের সভাপতিত্বে সিনিয়র সামরিক কর্মকর্তাগণ যুদ্ধের বিভিন্ন ধরনের সমস্যা এবং ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণ এবং যুদ্ধের রণকৌশল নির্ধারণের জন্য একটি অধিবেশন বা সম্মেলনে মিলিত হন। তাঁদের পরামর্শ অনুযায়ী সমগ্র বাংলাদেশের রণাঙ্গনকে ১১টি সেক্টর ও সেগুলোকে আবার বিভিন্ন সাব-সেক্টরে বিভক্ত করা হয়। মুজিবনগর সরকার লে. কর্নেল এম. এ. রবকে চীফ অব স্টাফ এবং গ্রুপ ক্যাপ্টেন এ. কে. খন্দকারকে ডেপুটি চীফ অব স্টাফ নিয়োগ করেন।

Question 24

১৬ ডিসেম্বর, ১৯৭১ সালে কোন পাকিস্তানি জেনারেল ঢাকা রেসকোর্সে মিত্র বাহিনীর নিকট আত্মসমর্পণ করেন?

A

জেনারেল টিক্কা খান

B

জেনারেল ইয়াহিয়া খান

C

জেনারেল আবদুল হামিদ

D

জেনারেল নিয়াজী

**Solution:**

১৬ ডিসেম্বর, ১৯৭১ সালে আত্মসমর্পণ দলিলে স্বাক্ষর করেন ২ জন। যথা-
১. যৌথ বাহিনীর পক্ষে: লে. জেনারেল জগজিৎ সিং অরোরা।
২. পাকিস্তানের পক্ষে: জেনারেল আমির আব্দুল্লাহ খান নিয়াজী।
● বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্ব করেন এ. কে. খন্দকার।

Question 25

ক্র্যাক প্লাটুন এর তত্ত্বাবধানে কে ছিলেন?

A

সি আর দত্ত

B

খালেদ মোশাররফ

C

কে এম শফিউল্লাহ

D

মীর শওকত আলী

**Solution:**

ক্র্যাক প্লাটুন: ঢাকা শহরে গেরিলা আক্রমণ পরিচালনা করার জন্য অনিয়মিত বাহিনীর অংশ হিসেবে ২ নম্বর সেক্টরের সেক্টর কমান্ডার ও কে ফোর্সের অধিনায়ক খালেদ মোশাররফের সার্বিক তত্ত্বাবধানে গঠিত হয় ক্র্যাক প্লাটুন। এরা Hit and Run পদ্ধতিতে অভিযান চালাতো।
ক্র্যাক প্লাটুনের উল্লেখযোগ্য সদস্য: আজম খান, মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, গোলাম দস্তগীর গাজী, নাসির উদ্দিন ইউসুফ বাচ্চু, শহিদ শাফী ইমাম রুমী, রাইসুল ইসলাম আসাদ, সাদেক হোসেন খোকা প্রমুখ।

Question 26

## মুক্তিবাহিনীর প্রথম ব্রিগেড ফোর্স কোনটি?

A

কে ফোর্স

B

এস ফোর্স

C

এম ফোর্স

**D**

জেড ফোর্স

**Solution:**

মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে ১১টি সেক্টর ও ৬৪টি সাবসেক্টর ছাড়াও রণাঙ্গন **তিনটি ব্রিগেড ফোর্সে** বিভক্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়। মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী অধিনায়কের নামের আদ্যাক্ষরের ভিত্তিতে ১৯৭১ সালের জুলাই, সেপ্টেম্বর ও অক্টোবর মাসে তিনটি নিয়মিত ব্রিগেড ফোর্স গঠন করা হয়।
জেড- ফোর্স
সদর দপ্তর: তেলঢালা
অধিনায়ক: লে.ক. জিয়াউর রহমান
মুক্তিবাহিনীর প্রথম ব্রিগেড জেড ফোর্স ৭ জুলাই, ১৯৭১ গঠিত হয়। লে. কর্নেল জিয়াউর রহমানের নামের আদ্যাক্ষর অনুযায়ী এই ব্রিগেডের নামকরণ করা হয় জেড ফোর্স। তিনটি নিয়মিত বাহিনী প্রথম, তৃতীয় ও অষ্টম ইস্ট বেঙ্গল ব্যাটেলিয়ান-এর সমন্বয়ে এই ফোর্স গঠিত হয়।

Question 27

কে বীরশ্রেষ্ঠ নন?

A

হামিদুর রহমান

B

মোস্তফা কামাল

C

মুন্সী আব্দুর রহিম

D

নূর মোহাম্মদ শেখ

**Solution:**

মুক্তিযুদ্ধের সাতজন বীরশ্রেষ্ঠের নাম নিম্নরূপ-
(ক) ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর, (খ) সিপাহী হামিদুর রহমান, (গ) সিপাহী মোস্তফা কামাল, (ঘ) স্কোয়াড্রন ইঞ্জিনিয়ার রুহুল আমিন, (ঙ) ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান, (চ) ল্যান্স নায়েক মুন্সি আব্দুর রউফ, (ছ) ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ।

Question 28

বাংলাদেশে মর্যাদা অনুসারে ৩য় বীরত্বসূচক খেতাব–

A

বীরপ্রতীক

B

বীরশ্রেষ্ঠ

C

বীরউত্তম

D

বীরবিক্রম

**Solution:**

স্বাধীনতার পর ১৯৭২ সালের ১৪ ফেব্রুয়ারি মন্ত্রিপরিষদ সভায় চারটি বীরত্বসূচক খেতাবের নামকরণ করা হয়। মুক্তিযুদ্ধে অবদানের জন্য ৬৭৬ জনকে চারটি খেতাবে ভূষিত করা হয়। সর্বোচ্চ পদমর্যাদার খেতাব বীরশ্রেষ্ঠ (৭ জন); উচ্চ পদমর্যাদার খেতাব বীরউত্তম (৬৮

জন), প্রশংসনীয় পদমর্যাদার খেতাব বীরবিক্রম (১৭৫ জন)। এবং বীরত্বসূচক প্রশংসাপত্রের খেতাব বীরপ্রতীক (৪২৬ জন)। এর মধ্যে তৃতীয় বীরত্বসূচক খেতাব বীরবিক্রম।

Question 29

বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীরের কবর কোন জেলায়?

A

নাটোর

B

চাঁপাইনবাবগঞ্জ

C

জয়পুরহাট

D

নওগাঁ

**Solution:**

বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর ১৯৪৮ সালে বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার রহিমগঞ্জ গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৭১ সালের ডিসেম্বরে চাঁপাইনবাবগঞ্জে সাত নম্বর সেক্টরে মুক্তিবাহিনী সাব সেক্টর কমান্ডার হিসেবে তিনি দায়িত্বরত ছিলেন। ১৪ ডিসেম্বর ১৯৭১ তিনি পাকবাহিনীর সাথে সরাসরি যুদ্ধে শহীদ হলে চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার ঐতিহাসিক গৌড়ের ছোট সোনা মসজিদ প্রাঙ্গণে তাকে সমাহিত করা হয়।

Question 30

বীরশ্রেষ্ঠদের মধ্যে প্রথম শহিদ হন–

A

মোস্তফা কামাল

B

রুহুল আমীন

C

মুন্সী আব্দুর রউফ

D

মতিউর রহমান

## Solution:

✪ ল্যান্স নায়েক মুন্সী আবদুর রউফ (বীরশ্রেষ্ঠদের মধ্যে প্রথম শহিদ)

| | |
|---|---|
| জন্ম/জন্মস্থান | ৮ মে, ১৯৪৩; সালামতপুর (বর্তমান রউফ নগর), বোয়ালমারী, ফরিদপুর। |
| কর্মস্থল | ইপিআর |
| শহিদ হন | ৮ এপ্রিল, ১৯৭১; রাঙ্গামাটি জেলার নানিয়ার চর উপজেলার বুড়িঘাট এলাকার চিংড়ি খালের পাড়ে। |
| যুদ্ধের সেক্টর | ১নং সেক্টর (রাঙ্গামাটি) |
| গেজেট নং | ০৬ |
| সমাহিত | নানিয়ার চর, রাঙ্গামাটি। |